

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১১৭৩

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/১১৫. বিতর সালাতের কিরাআত।

بَابِ مَا جَاءَ فِيمَا يُقْرَأُ فِي الْوِتْرِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الصَّبَّاحِ، وَأَبُو يُوسُفَ الرَّقِيُّ مُحَمَّدُ بْنُ أَحْمَدَ الصَّيْدَلاَنِيُّ قَالاَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ، عَنْ خُصَيْفٍ، عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ جُرَيْجٍ، قَالَ سَأَلْنَا عَائِشَةَ بِأَيِّ شَيْءٍ مُحَمَّدُ بْنُ سَلَمَةَ، عَنْ خُصييْفٍ، عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ جُرَيْجٍ، قَالَ سَأَلْنَا عَائِشَةَ بِأَيِّ شَيْءٍ كَانَ يُوتِرُ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ قَالَتْ كَانَ يَقْرَأُ فِي الرَّكْعَةِ الأُولَى بِ (سَبِّحِ السَّمِ رَبِّكَ الأَعْلَى) وَفِي التَّانِيَةِ (قُلْ يَا أَيُّهَا الْكَافِرُونَ) وَفِي التَّالِثَةِ (قُلْ هُوَ اللَّهُ أَحَدٌ) وَالْمُعُوّذَتَيْن .

বাংলা

৩/১১৭৩। আবদুল আযীয ইবনু জুরাইজ (রহ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা আয়িশাহ (রাঃ) কে জিজ্ঞেস করলাম, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিতরের সালাতে কি (সূরা) পড়তেন? তিনি বলেন, তিনি প্রথম রাকাতে সূরাহ আলা, দ্বিতীয় রাকআতে সূরাহ কাফিরান, তৃতীয় রাকআতে সূরাহ ইখলাস ও মুআব্বিযাতাইন (সূরাহ ফালাক ও নাস) পড়তেন।

English

It was narrated that 'Abdul-'Aziz bin Juraij said:

"We asked 'Aishah what the Messenger of Allah (ﷺ) used to recite in Witr. She said: 'He used to recite: "Glorify the Name of your Lord the Most High," [Al-A'la (87)] in the first Rak'ah, 'Say: "O disbelievers!'" [Al- Kafirun (109)] in the second Rak'ah, and 'Say: Allah is One' in the third and the Mu'awwidhatain (Chapter 113, 114).'"

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: তিরমিয়ী ৪৬৩, আবূ দাউদ ১৪২৩।



তাহকীক আলবানী: সহীহ। তাখরীজ আলবানী: সহীহ আবী দাউদ ১২৮০, মিশকাত ১২৬৯। উক্ত হাদিসের রাবী খুসায়ফ সম্পর্কে আস-সাজী বলেন, তিনি সত্যবাদী। ইবনু আদী বলেন, তিনি সিকাহ রাবী থেকে হাদিস বর্ণনা করলে তখন তার হাদিসের ব্যাপারে কোন সমস্যা নেই। আহমাদ বিন হাম্বল বলেন, তার হাদিস দলীলযোগ্য নয়। ২. আবদুল আযীয বিন জুরায়জ সম্পর্কে ইবনু হিব্বান সিকাহ বললেও ইমাম বুখারী বলেন, তার হাদিসের অনুসরণ করা যাবে না। ইমাম দারাকুতনী বলেন, তিনি অপরিচিত তার হাদিস প্রত্যাখ্যানযোগ্য। আল-উকায়লী বলেন, তার হাদিসের অনুসরণ করা যাবে না। উক্ত হাদিসটি শাহিদ এর ভিত্তিতে সহিহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ ইবনু জুরায়জ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন